রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০২৩

নং ৩৬.০০.০০০০.০৬৫.২২.০১৬.২১.৫২৫—বিগত ০৩ জানুয়ারি ২০২৩/১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা ২০২২' অনুমোদিত হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাক আহমেদ**
উপসচিব।



মূল্য : টাকা ৪০.০০

১.০ ভূমিকা

শিল্প সমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণের জন্য সরকারি/বেসরকারি খাতে শিল্প স্থাপন, আমদানি বিকল্প পণ্য উৎপাদন করে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে ভূমিকা গ্রহণ, রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন এবং কর্মসংস্থান সৃষ্টিতে সরকারি/বেসরকারি খাতের অবদানকে স্বীকৃতি প্রদানের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, সরকারি/বেসরকারি খাতে শিল্প স্থাপন ও বিনিয়োগে উৎসাহিতকরণ, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা'র আলোকে শিল্প মন্ত্রণালয় 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' প্রবর্তন করে।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালে যুক্তফ্রন্ট সরকারের শ্রম, বাণিজ্য ও শিল্পমন্ত্রী থাকাকালে দেশের ক্ষুদ্র শিল্প বিকাশের জন্য পূর্ব পাকিস্তান ক্ষুদ্র শিল্প করপোরেশন (ইপসিক) প্রতিষ্ঠা করেন যা স্বাধীনতার পর বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) নামে রূপান্তরিত হয়। প্রকৃতপক্ষে বিসিকের হাত ধরেই বাংলাদেশে শিল্প বিকাশের যাত্রা শুরু হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মরণে এবং শিল্প উদ্যোক্তা প্রতিষ্ঠানকে শিল্প খাতে অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি ও সৃজনশীলতাকে উৎসাহিত করার লক্ষ্যে প্রণীত 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯ এর কতিপয় বিধানের সংশোধন/পরিমার্জন/পরিবর্তন/পরিবর্ধন আবশ্যিক বিধায় তা সংশোধন/পরিমার্জন/পরিবর্তন/পরিবর্ধনপূর্বক 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০২২' প্রণয়ন করা হলো।

২.০ এ পুরস্কার 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' নামে অভিহিত হবে।

৩.০ শিরোনাম : এ নীতিমালা 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০২২' নামে অভিহিত হবে।

৪.০ **বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের লক্ষ্য**

৪.১ শিল্প উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদানকে স্মরণ করা;

৪.২ বাংলাদেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেয়া; এবং

৪.৩ টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ অর্জন, সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নসহ সরকারের অভীষ্ট/রূপকল্প/পরিকল্পনা বাস্তবায়ন এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করার মাধ্যমে বাংলাদেশের শিল্পায়নের বিকাশকে দ্রুততর করতে সরকারি/বেসরকারি খাতকে উৎসাহিত করা।

৫.০ **বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের উদ্দেশ্য**

৫.১ সরকারি/বেসরকারি খাতে শিল্প স্থাপন, কর্মসংস্থান সৃষ্টি এবং বিনিয়োগে উৎসাহিত করা;

৫.২ পণ্য বহুমুখীকরণ, আমদানি বিকল্প পণ্য উৎপাদন ও সৃজনশীলতাকে উৎসাহিত করা;



৫.৩ জাতীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী প্রযুক্তি নির্ভর পণ্য উৎপাদন করা;

৫.৪ বাজার ব্যবস্থাপনা, রপ্তানি বৃদ্ধি সর্বোপরি Total Quality Management সম্পর্কে উদ্যোক্তাদের উৎসাহিত করা;

৫.৫ পরিবেশ বান্ধব শিল্প স্থাপন উৎসাহিতকরণের লক্ষ্যে ETP স্থাপনকারী প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা;

৫.৬ কারখানায় উৎপাদিত পণ্যের নকশা, কৌশল এবং উপস্থাপনার ক্ষেত্রে অনন্য ও স্বতন্ত্র বৈশিষ্ট্য প্রদর্শনে উৎসাহিত করা;

৫.৭ শিল্পে উৎপাদিত পণ্য নান্দনিক, শৈল্পিক, শোভাবর্ধক, ব্যবহারিক, ঐতিহ্যবাহী এবং উপযোগিতা বৃদ্ধি করার জন্য উদ্যোক্তাদের উৎসাহিত করা; এবং

৫.৮ প্রচলিত শিল্পের বাইরে উদ্ভাবনী শিল্প উদ্যোগ গ্রহণকে উৎসাহিত করা।

৬.০ **ক্ষেত্র নির্ধারণ**

শিল্প ক্ষেত্রে অবদান সাপেক্ষে (১) বৃহৎ শিল্প (২) মাঝারি শিল্প (৩) ক্ষুদ্র শিল্প (৪) মাইক্রো শিল্প (৫) কুটির শিল্প (৬) হস্ত ও কারু শিল্প এবং (৭) হাইটেক শিল্পের সাথে জড়িত কোন শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠানকে নিবন্ধন থাকা সাপেক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদান করা হবে। বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হস্ত ও কারুশিল্প এবং হাইটেক শিল্প চিহ্নিত করা হবে।

৭.০ **পুরস্কার প্রাপকের সংখ্যা নির্ধারণ ও বিবেচনাসূত্র**

বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হস্ত ও কারু শিল্প এবং হাইটেক মোট সাত ক্যাটাগরির শিল্পের প্রতিটিতে তিনটি করে মোট ২১ জন শিল্প উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে প্রতি অর্থবছর এ পুরস্কার প্রদান করা হবে। তবে চূড়ান্ত মূল্যায়নে নির্বাচিত একাধিক উদ্যোক্তা/প্রতিষ্ঠান একই ক্যাটাগরিতে একই নম্বর প্রাপ্ত হলে ঐসকল উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে একই ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্ত হিসেবে গণ্য করা হবে। কোনো ক্যাটাগরিতে আবেদন পাওয়া না গেলে বা তিন এর কম আবেদন পাওয়া গেলে অথবা মূল্যায়ন কমিটি যদি মনে করে কোনো উদ্যোক্তা/প্রতিষ্ঠানই পুরস্কার প্রাপ্তির জন্য উপযুক্ত নয় সেক্ষেত্রে ঐ ক্যাটাগরিতে শূন্য পুরস্কার বা তিন এর কম পুরস্কার প্রদান করা হবে। এক্ষেত্রে পুরস্কার প্রাপ্তির সংখ্যা একুশ এর কম বা বেশি হতে পারে। শিল্প উদ্যোক্তা বিবেচনার ক্ষেত্রে শিল্প খাতে তাঁর সামগ্রিক অবদানকে বিবেচনা করা হবে। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক টার্নওভার, আমদানি হ্রাস, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, স্থানীয় কাঁচামাল ব্যবহার, কর্মসংস্থান বৃদ্ধি, সামাজিক দায়িত্ব পালন, নিষ্কণ্টক ভূমি ও ভূমির পরিকল্পিত ও দক্ষ ব্যবহার, পরিবেশ সংরক্ষণ প্রভৃতি ক্ষেত্রে অবদান বিবেচনা করা হবে। পরলোকগত শিল্প উদ্যোক্তার ক্ষেত্রে মরণোত্তর পুরস্কারও দেয়া যাবে।

৮.০ প্রস্তাব আহ্বান

৮.১ শিল্প মন্ত্রণালয় জাতীয় দৈনিক পত্রিকা, মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডের মাধ্যমে পুরস্কারের জন্য প্রস্তাব আহ্বান করবে;

৮.২ শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান স্ব-উদ্যোগে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট- ১ ও ২ এর ফরম- ক ও খ) সরাসরি/অনলাইনে শিল্প মন্ত্রণালয়ে আবেদন করবে।

৯.০ প্রাথমিক তালিকা প্রস্তুতকরণ কমিটি গঠন ও কার্যপরিধি

৯.১ প্রাথমিক তালিকা প্রস্তুতকরণ কমিটি গঠন

| | |
|---|---|
| যুগ্মসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | আহ্বায়ক |
| উপসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (এসএমই), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (রা ক), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৯.২ প্রাথমিক তালিকা প্রস্তুতকরণ কমিটির কার্যপরিধি

(ক) কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে নির্ধারিত শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করবে;

(খ) কমিটি প্রাপ্ত আবেদনসমূহ চাহিত তথ্যের আলোকে যাচাই-বাছাই করে সঠিক মর্মে বিবেচিত আবেদনসমূহের একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করবে;

(গ) কমিটি অনুচ্ছেদ ৯.২ (খ) এ বর্ণিত প্রাথমিক তালিকা অনুচ্ছেদ ১৪.০ এ বর্ণিত কর্তৃপক্ষের নিকট প্রেরণপূর্বক তথ্য সংগ্রহ করে অনুচ্ছেদ ১২.০ ও ১৩.০ এর আলোকে মনোনয়নযোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানের একটি তালিকা প্রস্তুত করে "আবেদন মূল্যায়ন কমিটি'র" নিকট উপস্থাপন করবে; এবং

(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ উল্লেখপূর্বক পৃথক তালিকা প্রণয়ন করবে।

১০.০ আবেদন মূল্যায়ন কমিটি গঠন ও কার্যপরিধি

১০.১ আবেদন মূল্যায়ন কমিটি গঠন

| | |
|---|---|
| সচিব, শিল্প মন্ত্রণালয় | আহ্বায়ক |
| অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য |



| | |
|---|---|
| চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) | সদস্য |
| চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | সদস্য |
| চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | সদস্য |
| চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) | সদস্য |
| ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| মহাপরিচালক, ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) | সদস্য |
| অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| বাণিজ্য মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নয়) | সদস্য |
| জাতীয় রাজস্ব বোর্ড-এর একজন প্রতিনিধি (সদস্য পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-এর একজন প্রতিনিধি (নির্বাহী সদস্যের নিম্নে নয়) | সদস্য |
| পরিবেশ অধিদপ্তর; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ ব্যাংক-এর একজন প্রতিনিধি (নির্বাহী পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর একজন প্রতিনিধি (অধ্যাপকের নিম্নে নয় ) | সদস্য |
| বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বুয়েট)-এর একজন প্রতিনিধি (অধ্যাপক এর নিম্নে নয়) | সদস্য |
| ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)-এর একজন প্রতিনিধি | সদস্য |
| বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই)-এর একজন প্রতিনিধি | সদস্য |
| মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই)-এর একজন প্রতিনিধি | সদস্য |

| | |
|---|---|
| বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউসিসিআই)-এর একজন প্রতিনিধি | সদস্য |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস)-এর একজন প্রতিনিধি (সিনিয়র রিচার্স ফেলো এর নিম্নে নয়) | সদস্য |
| যুগ্মসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১০.২ আবেদনপত্র মূল্যায়ন কমিটির কার্যপরিধি

(ক) কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ তফসিল-১ ও ১(ক), তফসিল-২ ও ২(ক) এ বর্ণিত প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস নির্ধারিত মানদন্ড অনুযায়ী মূল্যায়ন করে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি তালিকা প্রণয়ন করবে;

(খ) কমিটি মূল্যায়িত আবেদনসমূহের মধ্য হতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে যৌক্তিকভাবে প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য কমিটির সদস্য ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠন করতে পারবে; এবং

(গ) কমিটি কর্তৃক প্রাথমিকভাবে মূল্যায়িত আবেদনসমূহের প্রাপ্ত নম্বর ও উপ-কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন প্রতিবেদনের আলোকে সার্বিক মূল্যায়ন করে সুপারিশকৃত তালিকা 'মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি'র নিকট পেশ করবে।

১১.০ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি গঠন ও কার্যপরিধি

১১.১ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি গঠন

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহ্বায়ক |
| মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |



| | |
|---|---|
| চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) | সদস্য |
| সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) | সদস্য |
| সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউসিসিআই) | সদস্য |
| অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১১.২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির কার্যপরিধি

আবেদন মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পাওয়ার পর মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি আবেদন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে পুরস্কার প্রাপ্তদের তালিকা চূড়ান্ত করবে।

১২.০ মনোনয়নের যোগ্যতা ও শর্ত

১২.১ শিল্প/উদ্যোক্তা প্রতিষ্ঠান বাংলাদেশে স্থাপিত হতে হবে;

১২.২ শিল্প ক্ষেত্রে শিল্পপতি/উদ্যোক্তার সামগ্রিক অবদান সন্তোষজনক হতে হবে ও দেশের গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ বা আমদানি বিকল্প পণ্য বা রপ্তানিমুখী পণ্য উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টিতে কার্যকর অবদান রাখতে হবে; এবং

১২.৩ নিয়মিত কর ও প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন করসহ সরকার নির্ধারিত আরোপিত অন্যান্য কর/ফি পরিশোধ করতে হবে।

১৩.০ মনোনয়নের অযোগ্যতা

কোনো শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান এ নীতিমালার অধীন মনোনয়নের জন্য যোগ্য বিবেচিত হবে না, যদি—

১৩.১ ফৌজদারি অপরাধে দন্ডভোগের পর ন্যূনতম ১ (এক) বছর অতিক্রান্ত না হয়;

১৩.২ শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান ঋণ খেলাপি, সরকারি বিল খেলাপি, নিয়মিত কর ও মূল্য সংযোজন কর খেলাপি, অর্থ পাচারকারী, সরকারি জায়গায় অবৈধ দখলদার ও পরিবেশ দূষণকারী হন;

১৩.৩ কোনো শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান বঙ্গবন্ধু শিল্প পুরস্কার প্রাপ্ত হলে একই ক্যাটাগরিতে পরবর্তী ০৩ (তিন) বছর অতিক্রান্ত না হয়;

১৩.৪ শেয়ার সংক্রান্ত কোনো কেলেংকারীতে জড়িত থাকেন; এবং

১৩.৫ আবেদনপত্রে কোনো প্রকার মিথ্যা তথ্য প্রদান অথবা কোনো তথ্য গোপন করলে।

**১৪.০ মনোনয়ন পদ্ধতি**

বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদান সংক্রান্ত প্রাথমিক তালিকা প্রস্তুতকরণ কমিটি কর্তৃক মনোনয়নযোগ্য আবেদনসমূহের উপর নিম্নবর্ণিত তথ্যসমূহ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংগ্রহ করবেন;—

১৪.১ শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান সম্পর্কিত তথ্যাদি;

১৪.২ আবেদনকারী শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান ফৌজদারি অপরাধের জন্য কোন আদালত কর্তৃক দণ্ডিত কিংবা কোনো মামলা তদন্তাধীন /বিচারাধীন আছে কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি;

১৪.৩ আবেদনকারী শিল্প উদ্যোক্তা/ শিল্প প্রতিষ্ঠান ঋণ খেলাপি কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি;

১৪.৪ আবেদনকারী শিল্প উদ্যোক্তা/ শিল্প প্রতিষ্ঠান পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন বিল খেলাপি কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি;

১৪.৫ আবেদনকারী শিল্প উদ্যোক্তা/ শিল্প প্রতিষ্ঠান কোনো সরকারি সম্পত্তি, খাল, নদী-নালা, জলাধার ও সংরক্ষিত বনাঞ্চল দখল করে শিল্প প্রতিষ্ঠান স্থাপন করেছেন কিনা সে সর্ম্পকে তথ্যাদি;

১৪.৬ আবেদনকারী শিল্প উদ্যোক্তা/ শিল্প প্রতিষ্ঠানের পরিবেশের ছাড়পত্র আছে কিনা (প্রযোজ্য ক্ষেত্রে), শিল্প স্থাপন ও পরিকল্পনা করতে গিয়ে পরিবেশ দূষণ করেছেন কিনা সে বিষয়ে তথ্যাদি;

১৪.৭ জাতীয় রাজস্ব বোর্ড; জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; ভূমি মন্ত্রণালয়; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; বাংলাদেশ ব্যাংক; পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ হতে প্রাপ্ত তথ্যাদি এবং প্রার্থীগণের আবেদন যাচাই করে আবেদন মূল্যায়ন কমিটির মূল্যায়নের ভিত্তিতে পুরস্কারের শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির নিকট সুপারিশ করবে;

১৪.৮ আবেদন মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পাওয়ার পর মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি তদ্‌বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করবে;

১৪.৯ তালিকা চূড়ান্ত করার পর যদি দেখা যায় যে, কোনো ব্যক্তি একইসাথে একাধিক ক্ষেত্রে নির্বাচিত হয়েছেন তা হলে উক্ত ব্যক্তির পছন্দমত যে কোনো একটির জন্য পুরস্কার ঘোষণা করা যাবে;

১৪.১০ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

১৪.১১ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তকৃত তালিকা সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হবে।



**১৫.০ পুরস্কারের বিবরণ**

১৫.১ ১ম পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ২৫ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা;

১৫.২ ২য় পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ২০ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা;

১৫.৩ ৩য় পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ১৫ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা; এবং

১৫.৪ পুরস্কার প্রকৃত ধাতুমানে ক্রেস্ট এর ০১ (এক)টি মূল কপি থাকবে এবং সর্বসাধারণকে প্রদর্শনের জন্য একটি রেপ্লিকা (Replica) থাকবে। রেপ্লিকাতে কোনো ধাতুমান থাকবে না এবং রেপ্লিকা (Replica) শব্দটি খোদাই করে অঙ্কিত থাকবে।

**১৬.০ পুরস্কারের মান যাচাই**

যথাযথ প্রক্রিয়ায় ক্রেস্ট নির্মিত হওয়ার পর তার মান যাচাইয়ের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)/বাংলাদেশ স্ট্যান্ডার্ড ও টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এ প্রেরণ করে সনদ/প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

**১৭.০ অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান**

১৭.১ প্রতি অর্থবছরে এ পুরস্কার প্রদান করা হবে;

১৭.২ শিল্প মন্ত্রণালয় পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজনে যাবতীয় দায়িত্ব পালন করবে; এবং

১৭.৩ পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি নিজে অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে পুরস্কার গ্রহণ করতে পারবেন।

**১৮.০ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির সুবিধা বা অধিকার**

পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি ০১ (এক) বছরের জন্য নিম্নরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন—

১৮.১ শিল্প মন্ত্রণালয় হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার সংক্রান্ত একটি পরিচয়পত্র প্রাপ্ত হবেন যাতে এর মেয়াদকাল উল্লেখ থাকবে এবং মেয়াদকালীন সময়ে পরিচয়পত্রটি বাংলাদেশ সচিবালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র হিসেবে গণ্য হবে;

১৮.২ বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাবেন;

১৮.৩ বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহারের সুবিধাপ্রাপ্ত হবেন; এবং

১৮.৪ উক্ত সময়ে সরকার কর্তৃক তাঁকে শিল্প বিষয়ক নীতি নির্ধারণী কোনো কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে।

**১৯.০ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহারের অধিকার সংরক্ষণ**

১৯.১ সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে কোনো ব্যক্তিকে অনুচ্ছেদ ১৮.০ এ বর্ণিত প্রদত্ত পুরস্কারের সুযোগ-সুবিধা মেয়াদকালীন যে কোনো সময় জনস্বার্থে প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে;

১৯.২ কোনো ব্যক্তি বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারে পুরস্কৃত হওয়ার পর যে প্রতিষ্ঠানের জন্য পুরস্কৃত হয়েছেন সে প্রতিষ্ঠানের তথ্য-উপাত্তগত ত্রুটি, অসত্য তথ্য, আর্থিক বিষয়াদির অডিট কার্যক্রমে বা দুর্নীতি তদন্তে অথবা আদালতের রায়ে সংশ্লিষ্ট কোনো বিষয়ে আপত্তি বা দুর্নীতি বা অপরাধ প্রমাণিত হলে প্রদত্ত 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' প্রাপ্ত কার্ড/সম্মাননা ও বর্ণিত সুবিধাদি বাতিল মর্মে গণ্য হবে এবং সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তা প্রকাশ করবে।



**তপশিল-১**

**বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারের জন্য মূল্যায়ন মানদণ্ড**

**(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য)**

| ক্রমিক নং | নির্ণায়ক একক | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার (লক্ষ টাকা) | ১০ |
| ২. | মূল্য সংযোজন কর পরিশোধ (লক্ষ টাকা) | ১০ |
| ৩. | শুল্ক পরিশোধ (লক্ষ টাকা) | ১০ |
| ৪. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (লক্ষ টাকা) | ১০ |
| ৫. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) (অডিট রিপোর্ট মোতাবেক) | ১০ |
| ৬. | দেশীয় কাঁচামাল ব্যবহার (লক্ষ টাকা) | ১০ |
| ৭. | কর্মসংস্থান (সংখ্যা) | ১০ |
| ৮. | রপ্তানি আয় (লক্ষ টাকা) | ১০ |
| ৯. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (লক্ষ টাকা) | ১০ |
| ১০. | অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ | ০৫ |
| ১১. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা) | ০৫ |
| ১২. | শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা) | ০৫ |
| ১৩. | অনুমোদিত মজুরি কাঠামো | ০৫ |
| ১৪. | সামাজিক দায়িত্ব পালন (CSR) (লক্ষ টাকা) | ০৫ |
| ১৫. | শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমাসহ) গৃহীত পদক্ষেপের বিবরণ | ০৫ |
| ১৬. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা) | ১০ |
| ১৭. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ | ০৫ |
| ১৮. | পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ) | ০৫ |
| ১৯. | গুণগত মাননিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ | ০৫ |
| ২০. | উন্নয়ন ও গবেষণা (বিবরণ) | ০৫ |
| | **মোট =** | **১৫০** |

পরিশিষ্ট-২

ফরম 'ক'

[অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য]

ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত ছবি

বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারের জন্য আবেদন

**(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য)**

শিল্পের প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন): বৃহৎ ☐ মাঝারি ☐

১। (ক) আবেদনকারীর নাম : (বাংলায়)..........................................

(ইংরেজীতে) ..........................................

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্ত্রী/স্বামীর নাম :

(ঙ) জাতীয়তা :

(চ) বর্তমান ঠিকানা :

(ছ) স্থায়ী ঠিকানা :

(জ) জাতীয় পরিচয় পত্র নং :

(ঝ) জন্ম তারিখ :

(ঞ) পাসপোর্ট (যদি থাকে) : (নম্বর)..................... ইস্যু তারিখ ও স্থান .............

(ট) টিআই এন : (নম্বর) ..........................................

(ঠ) বিআই এন : (নম্বর) ..........................................

(ড) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) : (নম্বর) (সর্বশেষ নবায়নের সত্যায়িত কপি) ..........

(ঢ) শিল্প প্রতিষ্ঠানের ভ্যাট নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ণ) ফোন, ফ্যাক্স, ই-মেইল : ফোন ......................... ফ্যাক্স : ..................

মোবাইল..................... ই-মেইল ....................

২। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম : ..........................................

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা : ..........................................



অফিস: .................................. কারখানা: ..................................

.................................. ..................................

.................................. ..................................

টেলিফোন নম্বর: টেলিফোন নম্বর:

ফ্যাক্স নম্বর: ফ্যাক্স নম্বর:

ই-মেইল: ই-মেইল:

(গ) রেজিস্ট্রেশন নম্বর : ..................... রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নাম : ..................

(ঘ) শিল্পের প্রকৃতি: ম্যানুফ্যাকচারিং ☐ সেবামূলক ☐

(ঙ) শিল্প কারখানায় ব্যবহৃত জমির পরিমান: i) মৌজা: ii) খতিয়ান: iii) দাগ:

(চ) শিল্প প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য:

(ছ) নিয়োজিত মোট জনবলের সংখ্যা:

(জ) শিল্প মালিকানার ধরন : ☐একক ☐যৌথ ☐ প্রাইভেট লি. কোম্পানি

৩। **সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) অর্থ বছরের তথ্যাবলী***

**(১) বার্ষিক টার্নওভার (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টার্নওভারের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

**(২) মূল্য সংযোজন কর পরিশোধ (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিশোধিত মূল্য সংযোজন কর (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৩) শুল্ক পরিশোধ (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিশোধিত শুল্ক (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৪) শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (লক্ষ টাকা)

(i) শিল্প উদ্যোক্তা কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ..............................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(ii) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ..............................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।



(৫) বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) (অডিট রিপোর্ট মোতাবেক)

| ক্রমিক নং | অর্থ বছর | বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৬) দেশীয় কাঁচামাল ব্যবহার (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | কাঁচামালের বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৭) কর্মসংস্থান (সংখ্যা)

| ক্রমিক নং | অর্থ বছর | বিগত ৩ বছরে বছর ওয়ারী কর্মসংস্থানের সংখ্যা | এ খাতে ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৮) রপ্তানি আয় (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | রপ্তানি পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | এ খাতে আয়ের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*বাংলাদেশ ব্যাংক /ইপিবি কর্তৃক প্রদত্ত সনদ এর সাথে সংযুক্ত করতে হবে।

(৯) আমদানি বিকল্প পণ্য উৎপাদন (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*আমদানি বিকল্প পণ্যের বিবরণ, ব্যবহার ইত্যাদি তথ্য এর সাথে সংযুক্ত করতে হবে।

(১০) অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | অর্থ বছর | অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |



(১১) শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা)

| ক্রমিক নং | অর্থ বছর | কর্মসূচির বিবরণ | কর্মসূচিতে ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১২) শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | কল্যাণমূলক কাজের বিবরণ | কল্যাণমূলক কাজের আর্থিক মূল্য (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(১৩) অনুমোদিত মজুরি কাঠামো

| ক্রমিক নং | অর্থবছর | অনুমোদিত মজুরি কাঠামোর বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

(১৪) সামাজিক দায়িত্ব পালন (CSR) (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | সামাজিক দায়িত্বের বিবরণ | আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

(১৫) শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমাসহ) গৃহীত পদক্ষেপের বিবরণ

| ক্রমিক নং | অর্থবছর | নিরাপত্তামূলক কাজের বিবরণ | নিরাপত্তামূলক কাজের আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | মোট | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(১৬) পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | পরিবেশ সংরক্ষণের বিবরণ | আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | মোট | | |

(১৭) নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ

| পণ্য বা সেবার নব উদ্ভাবনে গৃহীত পদক্ষেপ | পণ্য বা সেবার উদ্ভাবন প্রযুক্তির বর্ণনা | মন্তব্য |
|---|---|---|
| | | |

(১৮) পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ)

| পণ্য/সেবার মান নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থা | পণ্য/সেবার মান সংক্রান্ত সনদ | মাননিয়ন্ত্রণ পরীক্ষাগারের বিবরণ |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে।

(১৯) গুণগত মান নিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ

| পণ্য/সেবার গুণগত মান নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থা | পণ্য/সেবার গুণগত মান সংক্রান্ত সনদ | গুণগত মাননিয়ন্ত্রণ পরীক্ষাগারের বিবরণ |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে।



(২০) উন্নয়ন ও গবেষণা (বিবরণ)

| উন্নয়ন ও গবেষণা কার্যক্রমের বিবরণ | উন্নয়ন ও গবেষণা কার্যক্রমে ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে।

৪। অন্যান্য তথ্য

(ক) পূর্বে কোন সম্মাননা/পুরস্কার পেয়েছে কিনা :

(খ) পেয়ে থাকলে তার বিবরণ (পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ :

(গ) প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধনের পরিমাণ (লক্ষ টাকায়) :

(ঘ) ওয়ার্কিং ক্যাপিটাল (ঋণ ব্যতীত) :

(ঙ) শিল্প প্রতিষ্ঠানের নিরীক্ষাকৃত হিসাব উদ্বৃত্ত পত্র (সর্বশেষ ৩ বছরের) :

(চ) আবেদনকারী কোনো ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত কিনা :

(ছ) আবেদনকারীর বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলা বিচারাধীন আছে কিনা :

(জ) আবেদনকারী কিংবা তার প্রতিষ্ঠান কর, ঋণ ও বিল খেলাপি কিনা :

(ঝ) পূর্বে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার পেয়েছেন কিনা : হ্যাঁ/না

(ঞ) পেয়ে থাকলে কোন সালে পেয়েছেন :

সত্য পাঠ

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সত্য। প্রদত্ত তথ্যাবলীর কোন একটি তথ্য যদি মিথ্যা বা অসত্য বলে প্রমাণিত হয়, তাহলে আমার আবেদন বাতিল যোগ্য হবে। আমি আরও ঘোষণা করছি যে, আমি এবং আমার সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান পরিবেশ বিরোধী কোন কার্যক্রমের সাথে লিপ্ত নয়।

তারিখ:.......................

আবেদনকারীর স্বাক্ষর
ও যোগাযোগের ঠিকানা

প্রতিষ্ঠানের সীলমোহর

পরিশিষ্ট-২

ফরম 'খ'
[অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য]

ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত ছবি

বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারের জন্য আবেদন

(ক্ষুদ্র, কুটির, হস্ত ও কারু, মাইক্রো এবং হাইটেক শিল্পের জন্য)

শিল্পের প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন): ক্ষুদ্র ☐ কুটির ☐ মাইক্রো ☐ হাইটেক ☐ হস্ত ও কারু ☐

১। (ক) আবেদনকারীর নাম : (বাংলায়)..............................................

(ইংরেজীতে) ..............................................

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্ত্রী/স্বামীর নাম :

(ঙ) জাতীয়তা :

(চ) বর্তমান ঠিকানা :

(ছ) স্থায়ী ঠিকানা :

(জ) জাতীয় পরিচয় পত্র নং :

(ঝ) জন্ম তারিখ :

(ঞ) পাসপোর্ট (যদি থাকে) : (নম্বর)............... ইস্যু তারিখ ও স্থান ...............

(ট) টিআই এন : (নম্বর) ..............................................

(ঠ) বিআই এন : (নম্বর) ..............................................

(ড) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) : (নম্বর) (সর্বশেষ নবায়নের সত্যায়িত কপি) ...............

(ঢ) শিল্প প্রতিষ্ঠানের ভ্যাট নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ণ) ফোন, ফ্যাক্স ই-মেইল : ফোন ............................ ফ্যাক্স : ...............

মোবাইল নম্বর ...................ই-মেইল ...................

২। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম : ..............................................

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা : ..............................................



অফিস: ............................ কারখানা: ............................

............................ ............................

............................ ............................

টেলিফোন নম্বর: টেলিফোন নম্বর:

ফ্যাক্স নম্বর: ফ্যাক্স নম্বর:

ই-মেইল: ই-মেইল:

(গ) রেজিস্ট্রেশন নম্বর : ...................... রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নাম : ...............

(ঘ) শিল্পের প্রকৃতি: ম্যানুফ্যাকচারিং ☐ সেবা মূলক ☐

(ঙ) শিল্প কারখানায় ব্যবহৃত জমির পরিমান: i) মৌজা: ii) খতিয়ান: iii) দাগ:

(চ) শিল্প প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য:

(ছ) নিয়োজিত মোট জনবলের সংখ্যা:

(জ) শিল্প মালিকানার ধরণ : ☐ একক ☐ যৌথ ☐ প্রাইভেট লি. কোম্পানি

৩। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) অর্থ বছরের তথ্যাবলী*

(১) বার্ষিক টার্নওভার (টাকা)

| ক্রমিক নং | অর্থবছর | বিবরণ | টার্নওভারের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | মোট | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(২) মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ (টাকা)

| ক্রমিক নং | অর্থবছর | মুসক, শুল্ক ইত্যাদির বিবরণ | পরিশোধিত মুসক ও শুল্ক (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৩) শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (টাকা)

(i) শিল্প উদ্যোক্তা কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ............................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(ii) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ............................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৪) বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | বিনিয়োগের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।



(৫) দেশীয় কাঁচামাল ব্যবহার (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | কাঁচামালের বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৬) কর্মসংস্থান (সংখ্যা)

| ক্রমিক নং | অর্থ বছর | কর্মসংস্থানের সংখ্যা | এ খাতে ব্যয়ের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৭) রপ্তানি আয় (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | রপ্তানি পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | এ খাতে আয়ের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*বাংলাদেশ ব্যাংক /ইপিবি কর্তৃক প্রদত্ত সনদ এর সাথে সংযুক্ত করতে হবে।

(৮) আমদানি বিকল্প পণ্য উৎপাদন (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | মোট | | | |

(৯) ওয়ার্কিং ক্যাপিটাল (ঋণ ব্যতীত) (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | মোট | | |

(১০) পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ

| ক্রমিক নং | অর্থ বছর | পরিবেশ সংরক্ষণের বিবরণ | আর্থিক মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | মোট | | | |

(১১) নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম

| পণ্য বা সেবার নব উদ্ভাবনে গৃহীত পদক্ষেপ | পণ্য বা সেবার উদ্ভাবন প্রযুক্তির বর্ণনা | মন্তব্য |
|---|---|---|
| | | |



(১২) শ্রমিকের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ

| ক্রমিক নং | অর্থ বছর | দক্ষতা উন্নয়নে গৃহীত কর্মসূচির বিবরণ | কর্মসূচিতে ব্যয়িত অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | মোট | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৪। অন্যান্য তথ্য

(ক) পূর্বে কোনো সম্মাননা/পুরস্কার পেয়েছে কিনা :

(খ) পেয়ে থাকলে তার বিবরণ (পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ :

(গ) আবেদনকারী কোনো ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত কিনা :

(ঘ) আবেদনকারীর বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলা বিচারাধীন আছে কিনা :

(ঙ) আবেদনকারী কিংবা তার প্রতিষ্ঠান কর, ঋণ ও বিল খেলাপি কিনা :

(চ) পূর্বে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার পেয়েছেন কিনা : হ্যাঁ/না

(ছ) পেয়ে থাকলে কোন সালে পেয়েছেন :

সত্যপাঠ

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সত্য। প্রদত্ত তথ্যাবলীর কোনো একটি তথ্য যদি মিথ্যা বা অসত্য বলে প্রমাণিত হয়, তাহলে আমার আবেদন বাতিলযোগ্য হবে। আমি আরও ঘোষণা করছি যে, আমি এবং আমার সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান পরিবেশ বিরোধী কোনো কার্যক্রমের সাথে লিপ্ত নয়।

তারিখ :.....................

আবেদনকারীর স্বাক্ষর
ও যোগাযোগের ঠিকানা

প্রতিষ্ঠানের সীলমোহর

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd